

নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.২১- ২৬৬০

তারিখঃ ২৫/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ।


বিষয়ঃ বদলি/পদায়নের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, এ অধিদপ্তরের অধীন বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের ১০ম গ্রেডের (২য় শ্রেণির) সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স ও মিডওয়াইফ এবং নার্সিং সুপারভাইজারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের ১৫-০৯-২০২২ ইং তারিখে ২৬২ স্মারকের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ হতে বদলি/পদায়নের কার্যক্রম সম্পাদিত হতো। পরবর্তীতে স্বাস্থ্য সেবা বিভাগের ২১-০৮-২০২৪ ইং তারিখে ৭৯৮ সংখ্যক স্মারকে ১০ম গ্রেডভুক্ত (২য় শ্রেণীর) সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স ও মিডওয়াইফ এবং নার্সিং সুপারভাইজারদের বদলি/পদায়ন সংক্রান্ত কার্যক্রম এ অধিদপ্তর থেকে সম্পাদিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এ অধিদপ্তরের অধীন বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের ১০ম গ্রেডের (২য় শ্রেণির) সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স ও মিডওয়াইফ এবং নার্সিং সুপারভাইজারগণ এখন থেকে তাদের বদলী/পদায়নের জন্য আবেদনসমূহ অনলাইনে দাখিল করবেন। **বদলি/পদায়ন সংক্রান্ত বিষয়ে এ অধিদপ্তরে** আগমন ও তদবীর না করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, ইতোপূর্বে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরনকৃত ৫০৫০ জনের এবং অদ্যবধি পর্যন্ত এ অধিদপ্তরে জমাকৃত একক/পারস্পরিক বদলীর আবেদন অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। উক্ত আবেদনসমূহ নিষ্পত্তি করার পর অনলাইনের মাধ্যমে প্রাপ্ত আবেদন সমূহ নিষ্পত্তি করা হবে। এ জন্য অনলাইনে আবেদনকরীগণকে ধৈর্য ধারণের জন্য অনুরোধ করা হলো। **অনলাইন লিংক পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।**

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৫-০৮-২০২৪

মো: নাসির উদ্দিন

উপসচিব

পরিচালক (প্রশাসন)

ই-মেইলঃ info@dgmn.gov.bd


নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.২১- ২৬৬০/২(২০)

তারিখঃ ২৫/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/শিক্ষা ও শৃংখলা/অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ----- বিভাগ, ----- (সকল)
৪. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল, ----- (সকল)
৫. পরিচালক, বিশেষায়িত হাসপাতাল, ----- (সকল)
৬. সিভিল সার্জন, ----- (সকল)
৭. তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, ----- (সকল)
৮. সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, ----- (সকল)
৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ----- (সকল)
১০. উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১১. সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, ----- বিভাগ ----- (সকল)
১২. সহকারী প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৩. অধ্যক্ষ, নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট, ----- (সকল)
১৪. নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, ----- (সকল)
১৫. জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, ----- (সকল)

১৬. কো-অর্ডিনেটর, ----- (সকল)
১৭. নার্সিং সুপারভাইজার, ----- (সকল)
১৮. প্রশাসনিক কর্মকর্তা/হিসার রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৯. মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২০. জনাব ----- (সকল)


২৫.০৬.২০২৪
পরিচালক (প্রশাসন)